



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়  
BANGLADESH OPEN UNIVERSITY  
তথ্য ও গণসংযোগ বিভাগ

গাজীপুর-১৭০৫, ফোন-৯৯৬৬৯১১১৯  
ই-মেইল : [iprd@bou.ac.bd](mailto:iprd@bou.ac.bd)

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”



“বাউবির দীক্ষা : সবার জন্য উন্মুক্ত কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা”

## প্রেস রিলিজ

৩১ জানুয়ারি ২০২৪

### এশিয়াটিক সোসাইটির সদস্য হলেন বাউবির উপ-উপাচার্য অধ্যাপক ড. মাহবুবা নাসরীন



বাংলাদেশ এশিয়াটিক সোসাইটির কাউন্সিল (২০২৪-২০২৫) নির্বাচনে সদস্য পদে বিজয়ী হয়েছেন বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন। সদস্যদের মধ্যে সর্বোচ্চ ভোট পেয়ে সদস্য নির্বাচিত হয়েছেন তিনি। ড. মাহবুবা নাসরীন গত বছরও অধিক সংখ্যক ভোট পেয়ে বাংলাদেশ এশিয়াটিক সোসাইটির সদস্য নির্বাচিত হয়েছিলেন। নির্বাচনে মোট ভোটার সংখ্যা ছিল ১,২৮৭ জন। মূলধারা প্যানেল থেকে তিনি বিজয় লাভ করেন।

এশিয়াটিক সোসাইটির নিজস্ব কার্যালয়ে ৩০ জানুয়ারি ২০২৪ মঙ্গলবার এ নির্বাচন অনুষ্ঠিত হয়। এছাড়া নির্বাচনে মূলধারা প্যানেলে সভাপতি পদে ড. হারুন অর রশিদ ও সাধারণ সম্পাদক পদে ড. মোহাম্মদ সিদ্দিকুর রহমান খান বিজয়ী হয়েছেন।

স্বাক্ষর

ড. আ ফ ম মেজবাহ উদ্দিন  
পরিচালক (ভারপ্রাপ্ত)